গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা) ,৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৫৫.২৩.১৫১

তারিখ: ৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: হাসনাত সোয়েটার লিমিটেড নামক কারখানার অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন নং-৬৮১, তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাসনাত সোয়েটার লিমিটেড, অফিসঃ ৬০/ডি, ১ম তলা, পুরানা পল্টন, ঢাকা ও কারখানাঃ সিডষ্টোর, দাগ নং-২৫ ও ২৬, ভালুকা, ময়মনসিংহ নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- এল-৫১০৬১০০৪০৭২-এইচ; তারিখ-২০-০৪-২০১০ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ "সুয়েটার"। প্রতিষ্ঠানটির অনুকূলে এডহক শিল্প আই আর সি নং-ব-০২১৩০১০, তারিখঃ ০৭/০৩/২০১১ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারনে ১ম এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যাতিরেকে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে হাসনাত সোয়েটার লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে বার্ষিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যাতিরেকে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

১৮-০৭-২০২৩
মো:সাইফুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৫৫.২৩.১৫১/১ (৫)

তারিখ: ৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;

২। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১,সেগুন বাগিচা, ঢাকা।;

৩। ব্যবস্থাপনা পরিচালক, হাসনাত সোয়েটার লিমিটেড, অফিসঃ ৬০/ডি, ১ম তলা, পুরানা পল্টন, ঢাকা ও কারখানাঃ সিডষ্টোর, দাগ নং-২৫ ও ২৬, ভালুকা, ময়মনসিংহ।;

৪। সহকারি পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং

৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।

১৮-০৭-২০২৩
কামরুল আলম
সহকারী পরিচালক